দৈনিক
জনকণ্ঠ

তারিখ 26 APR 2017
পৃষ্ঠা ৭ কলাম ৪

# ইউজিসিতে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত কর্মশালা

পাবলিক বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)-এর মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিসংক্রান্ত দিনব্যাপী এক কর্মশালা ইউজিসি অডিটরিয়ামে সোমবার অনুষ্ঠিত হয়। ইউজিসি সদস্য প্রফেসর ড. দিল আফরোজা বেগম অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ইউজিসি সদস্য প্রফেসর ড. এম শাহ্ নওয়াজ আলির সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন প্রফেসর ড. মোঃ আখতার হোসেন, সদস্য, ইউজিসি এবং ড. খালেদ, সচিব, ইউজিসি। কমিশনের অর্থ ও হিসাব বিভাগের পরিচালক মোঃ মিজানুর রহমান, এফসিএমএ অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন। সভাপতির ভাষণে প্রফেসর শাহ্ নওয়াজ আলি দুর্নীতি রোধে দায়িত্ব পালনকালে সকলকে সরকারী বিধি বিধানের প্রতি শ্রদ্ধাশীল হওয়ার জন্য আহ্বান জানান। দেশের ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিবৃন্দ এতে অংশগ্রহণ করে। -বিজ্ঞপ্তি

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........
তারিখ.........

| | |
|---|---|
| চীফ. পরিসংখ্যান বিভাগ | |
| চীফ. ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
২৬/৪
স্বাক্ষর